.পত্র নং- বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০০৬/১৭৩১ তারিখ ঃ ০৩/০৬/২০০৭ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভূক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ।

ক্রঃ নং	পদের নাম ও বেতনক্রম	বিভাগ	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অধ্যাপক ১৬৮০০-২০৭০০/-	কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন কৃষি অর্থনীতি কৃষিতত্ত্ব	১ ১ ১	**যোগ্যতা** ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি ডিগ্রী; খ) কোন স্বীকৃত জার্নালে ১৫(পনের)টি প্রকাশনা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকিতে হইবে। গ) সর্বস্তরে/পরীক্ষাতেই প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড থাকিতে হইবে। **অভিজ্ঞতা** ক) পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ বছরের শিক্ষকতার এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে । খ) পিএইচডি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।
২.	সহযোগী অধ্যাপক ১৫০০০-১৯৮০০/-	কৃষি বনায়ন ও পবিবেশ	১	**যোগ্যতা** ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি ডিগ্রী; খ) কোন স্বীকৃত জার্নালে ৭(সাত)টি প্রকাশনা তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ৩টি প্রকাশনা থাকিতে হইবে। গ) সর্বস্তরে/পরীক্ষাতেই প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড থাকিতে হইবে। **অভিজ্ঞতা** ক) পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৭ বছরের শিক্ষকতার এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে । খ) পিএইচডি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৯ বছরের শিক্ষকতার এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।
৩.	সহকারী অধ্যাপক ১১০০০-১৭৬৫০/-	কৃষি বনায়ন ও পরিবেশ উদ্যানতত্ত্ব কৃষি প্রকৌশল	১ ১ ১	**যোগ্যতা** ক) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি /সমমানের ডিগ্রী। গ) সর্বস্তরে/পরীক্ষাতেই প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ থাকিতে হইবে। **অভিজ্ঞতা** পিএইচডি বা সমমানের ডিগ্রী না থাকিলে অন্যূন ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং কোন স্বীকৃত জার্নালে একটি গবেষণা প্রকাশনা ।
৪.	প্রভাষক ৬৮০০-১৩০৯০/-	কৃষি বনায়ন ও পরিবেশ উদ্যানতত্ত্ব	১ ২	ক) কৃষি বিজ্ঞানে স্নাতক ডিগ্রী ; খ) সর্বস্তরের পরিক্ষাতেই ১ম বিভাগ/ শ্রেণী/ সমমানের জি.পি.এ থাকিতে হইবে। গ)ক ও খ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে উচ্চতর ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর।

৫.	প্রভাষক ৬৮০০-১৩০৯০/-	বায়োকেমেষ্ট্রি (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে) পরিসংখ্যান ও কম্পিউটার বিজ্ঞান (পরিসংখ্যান বিষয়ে, সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে)	১ ১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী । খ) সর্বস্তরে/পরীক্ষাতেই প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ থাকিতে হইবে। গ)ক ও খ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর।
৬.	ফিজিক্যাল ইনস্ট্রাক্টর ৬৮০০-১৩০৯০/=	পরিচালক (ছাত্রকল্যাণ)	১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর ডিগ্রী তৎসহ শরিরচর্চায়/ক্রীড়া শিক্ষায় বিপিএড বা সমমানের ডিগ্রী থাকিতে হইবে; খ) কোন ক্রীড়া প্রতিষ্ঠানে/ ক্রীড়া সংস্থায় খেলাধুলা পরিচালনা/সংগঠন সংক্রান্ত কাজে অন্তত ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; গ) প্রার্থীর কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী থাকা চলিবে না ; ঘ) খেলাধুলা পরিচালনা/সংগ্ঠন সংক্রান্ত কাজে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রর্থিদের অগ্রাধিকার দেওয়া হইবে ; ঙ) বয়সসীমা অনধিক ৩৫ বৎসর।
৭.	মেডিক্যাল অফিসার ৬৮০০-১৩০৯০/=	মেডিক্যাল	১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস ডিগ্রী । খ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর। গ) মটর সাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য ।
৮.	সহকারী ফটোগ্রাফার ৪১০০-৮৮২০/-	জনসংযোগ	১	ক) ফটোগ্রাফীতে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী ; খ) ফটোগ্রাফী/ভিডিওগ্রাফী/ ডিজিটাল ফটোগ্রাফীতে অন্ততঃ ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা; গ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর।
৯.	লাইব্রেরী এটেনডেন্ট ২৫০০-৪৫৯০/=	লাইব্রেরী	১	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ বা সমমানের গ্রেড থাকিতে হইবে। খ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর । গ) লাইব্রেরী কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য ।

- আবেদনপত্রের ১ কপি নমুনা ফরম ৫/৬/২০০৭ ইং তারিখ হইতে ২/৭/২০০৭ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালে ব্যক্তিগতভাবে অথবা ৪/- (চার) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজস্ব ঠিকানা সম্বলিত একটি বড় খাম (২৫ সেঃমিঃ× ১১ সেঃমিঃ) পাঠাইয়া রেজিষ্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

- ক্রমিক ১ ও ২ পদের প্রার্থীকে ১০(দশ) সেট , ক্রমিক ৩ হইতে ৫ পদের প্রার্থীকে ৮(আট) সেট এবং ক্রমিক ৬ ও ৭ পদের প্রার্থীকে ৬(ছয়) সেট আবেদনপত্র যথাযথভাবে পূরণকরতঃ এবং ক্রমিক ৮ ও ৯ পদের প্রাথীকে সাদাকাগজে লিখিত আবেদনপত্র আগামী ৩/৭/২০০৭ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ অনুকূলে পৌঁছাইতে হইবে ।

- ক্রমিক ১, ২, ৩, ৪ ও ৫ পদের প্রার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে, সোনালী ব্যাংক, বশেমুরকৃবি শাখা এর অনুকূলে ২০০/= (দুইশত) টাকা, ক্রমিক ৬ ও ৭ পদের প্রার্থীকে ১০০/= (একশত) টাকা এবং ক্রমিক ৮ ও ৯ পদের জন্য ৫০/= (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) দাখিল করিতে হইবে । পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না ।

- ক্রমিক নং-৮ ও ৯ পদের জন্য প্রাথীর আবেদনে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকিতে হইবেঃ-
ক) প্রার্থীর নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) বর্তমান ঠিকানা ঙ) স্থায়ী ঠিকানা চ) জন্ম তারিখ ছ) ৩/৭/২০০৭ ইং তারিখে বয়স জ) শিক্ষাগত যোগ্যতা ঝ) অভিজ্ঞতা ঞ) বৈবাহিক অবস্থা ট) ধর্ম ঠ) জাতীয়তা ইত্যাদি ।

- প্রত্যেক আবেদনপত্রের সহিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউপি চেয়ারম্যান/পৌরসভার কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, প্রকাশনার রিপ্রিন্টের অনুলিপি (প্রযোজ্যক্ষেত্রে) ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে।

- প্রার্থীদিগকে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে ।

- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

- সরকারী নিয়ম অনুযায়ী জেলা কোটা/মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তানদের কোটা/মহিলা কোটা/উপ-জাতীয় কোটা/এতিম কোটা/ প্রতিবন্ধী কোটা প্রভৃতি যথারীতি অনুসরণ করা হইবে ।

- প্রার্থী মুক্তিযোদ্ধা হইলে অথবা মুক্তিযোদ্ধাদের পোষ্য হইলে যথাযথ সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে।

- প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার/লিখিত পরীক্ষায় ডাকা হইবে । ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্হান ভাতা দেওয়া হইবে না।

- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

- শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে ।

- এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য ।

- মেডিক্যাল অফিসার পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বাধ্যতামূলক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পসে বসবাস করিতে হইবে এবং অন্যান্য পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পসে বসবাস করিতে হইবে ।

(মোঃ আবুল কালাম আজাদ)
রেজিষ্ট্রার

/D/AR(A)/Requrit-3/